গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
হাসপাতাল-২ অধিশাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
www.mohfw.gov.bd

স্মারক নং-৪৫.১৫৫.১১৪.০০.০০.০০৯.২০১৫-১০৪ তারিখঃ ২৮-০২-২০১৬ খ্রিঃ

প্রজ্ঞাপন

হাসপাতালের সুষ্ঠু ব্যবস্থাপনা ও চিকিৎসা সেবার মান উন্নয়নের লক্ষ্যে জেলা সদর/জেনারেল হাসপাতালের ব্যবস্থাপনা কমিটি গঠন সংক্রান্ত গত ১২-১০-২০১৫ খ্রিঃ তারিখের নং- ৪৫.১৫৫.১১৪.০০.০০.০০৯.২০১৫-৬০১ সংখ্যক স্মারকে জারীকৃত প্রজ্ঞাপনসহ ইতোপূর্বে জারীকৃত সকল প্রজ্ঞাপন এতদ্বারা নির্দেশক্রমে বাতিল করা হলো।

০২। জেলা সদর/জেনারেল হাসপাতালের ব্যবস্থাপনা কমিটি সংশোধন করে নিম্নোক্ত কমিটি পুনর্গঠন করা হ'লঃ

১। সংশ্লিষ্ট জেলার জ্যেষ্ঠ মাননীয় মন্ত্রী/প্রতিমন্ত্রী বা সংশ্লিষ্ট নির্বাচনী এলাকার মাননীয় সংসদ সদস্য : সভাপতি
২। সংশ্লিষ্ট জেলার সংরক্ষিত মহিলা আসনের মাননীয় সংসদ সদস্য (যদি থাকেন) : সহ-সভাপতি
৩। জেলা প্রশাসক : সহ-সভাপতি
৪। মেয়র পৌরসভা : সদস্য
৫। উপজেলা চেয়ারম্যান, সদর উপজেলা : সদস্য
৬। সিভিল সার্জন : সদস্য
৭। উপ-পরিচালক, পরিবার পরিকল্পনা অধিদপ্তর : সদস্য
৮। উপ-পরিচালক, সমাজসেবা অধিদপ্তর : সদস্য
৯। পৌরসভা কর্তৃক মনোনিত একজন মহিলা কাউন্সিলর : সদস্য
১০। একজন এন.জি.ও. প্রতিনিধি (জেলা প্রশাসক কর্তৃক নির্বাচিত) : সদস্য
১১। সভাপতি/সাধারণ সম্পাদক, জেলা প্রেস ক্লাব : সদস্য
১২। সভাপতি/সাধারণ সম্পাদক, জেলা বিএমএ কার্যালয় : সদস্য
১৩। স্থানীয় (লায়ন্স/রোটারী) এপেক্স ক্লাব এর একজন প্রতিনিধি (কমিটির প্রথম সভায় মনোনিত হবে) : সদস্য
১৪। জেলা মুক্তিযোদ্ধা কমান্ড কাউন্সিলের একজন প্রতিনিধি : সদস্য
১৫। জেলা প্রশাসক কর্তৃক মনোনিত একজন মহিলা সমাজ সেবক : সদস্য
১৬। সেবিকা প্রতিনিধি (সংশ্লিষ্ট প্রতিষ্ঠান মনোনিত) : সদস্য
১৭। জাতীয় বেতন, স্কেল ২০১৫ এর গ্রেড ১১-১৫ এর অন্তর্ভূক্ত সংশ্লিষ্ট প্রতিষ্ঠান মনোনিত একজন কর্মচারী প্রতিনিধি (পূর্বতন ৩য় শ্রেণীর কর্মচারী) : সদস্য
১৮। জাতীয় বেতন, স্কেল ২০১৫ এর গ্রেড ১৬-২০ এর অন্তর্ভূক্ত সংশ্লিষ্ট প্রতিষ্ঠান মনোনিত একজন কর্মচারী প্রতিনিধি (পূর্বতন ৪র্থ শ্রেণীর কর্মচারী) : সদস্য
১৯। তত্ত্বাবধায়ক, সদর/জেনারেল হাসপাতাল : সদস্য-সচিব

কমিটির কার্যপরিধি-

১। কমিটির সভাপতির অনুমতি সাপেক্ষে অথবা আটজন সদস্যের লিখিত অনুরোধ সাপেক্ষে সদস্য - সচিব সভা আহবান করবেন।
২। সভাপতির অনুপস্থিতিতে তাঁর অনুমতিক্রমে সংশ্লিষ্ট জেলার সংরক্ষিত মহিলা আসনের মাননীয় সংসদ সদস্য (যদি থাকেন) কমিটির সভা পরিচালনা করবেন।
৩। সভাপতি ও সংশ্লিষ্ট জেলার সংরক্ষিত মহিলা আসনের মাননীয় সংসদ সদস্যের (যদি থাকেন) অনুপস্থিতিতে সভাপতির অনুমতিক্রমে জেলা প্রশাসক কমিটির সভা পরিচালনা করবেন।
৪। কমিটি মাসে ন্যূনতম একবার আলোচনায় মিলিত হবেন।
৫। কোন যুক্তিসংগত কারণ ব্যতিত কোন সদস্য পর পর তিনবার অনুপস্থিত থাকলে তার সদস্য পদ বাতিল বলে গণ্য হবে।
৬। কমিটি প্রয়োজনবোধে সদস্য অন্তর্ভূক্ত করতে পারবে, তবে সংখ্যা কোনভাবেই তিনজনের বেশী হবে না। কমিটিতে মহিলা সদস্য অন্তর্ভুক্তি উৎসাহিত করতে হবে।
৭। মূল কমিটির ন্যূনতম নয়জনের উপস্থিতিতে কমিটির কোরাম পূর্ণ হবে।
৮। কমিটি জেলা হাসপাতাল হতে প্রদত্ত সেবার (নিরাময় ও প্রতিষেধক) পরিমাণগত ও গুণগতমান বৃদ্ধির লক্ষ্যে অগ্রাধিকার ভিত্তিতে পদক্ষেপ গ্রহণ করবে। বিশেষতঃ বীর মুক্তিযোদ্ধা, হতদরিদ্র, মহিলা, শিশু, বৃদ্ধ ও সুবিধাবঞ্চিতদের সেবা সুনিশ্চিত করবে।

৯। কমিটি স্থানীয়ভাবে সম্পদ আহরণ, রক্ষণ ও ব্যবহার করতে পারবেন। সরকার কর্তৃক বরাদ্দকৃত সম্পদের (মানব সম্পদ, ঔষধ, যন্ত্রপাতি, আসবাবপত্র, স্থাপনা ইত্যাদি) সুষ্ঠু ব্যবহার সুনিশ্চিত করবে।

১০। কমিটি সংশ্লিষ্ট হাসপাতালের অনুমোদিত বাজেট এর মধ্যে বার্ষিক কর্মপরিকল্পনা গ্রহণ ও বাস্তবায়নের প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ করবে।

১১। কমিটি প্রয়োজনবোধে বিশেষ দায়িত্ব পালনের লক্ষ্যে নির্দিষ্ট সময়ের জন্য কমিটির অন্তর্ভূক্ত/বাইরের ব্যক্তির সমন্বয়ে উপ-কমিটি গঠন করতে পারবে।

১২। জেলা পর্যায়ে চিকিৎসা/স্বাস্থ্য সেবা প্রদানকারী অন্যান্য প্রতিষ্ঠানের সাথে সমন্বয় সাধন করবে।

০৩। এ আদেশ জনস্বার্থে জারি করা হলো এবং অবিলম্বে কার্যকর হবে।

২৮/২/২০১৯

(রেহানা ইয়াছমিন)
উপ-সচিব
ফোনঃ ৯৫৫৬৯৮৯

বিতরণঃ

১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩। সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪। সচিব, বাংলাদেশ জাতীয় সংসদ সচিবালয়, জাতীয় সংসদ ভবন, শেরে বাংলা নগর, ঢাকা।
৫। মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা (এ প্রজ্ঞাপন কমিটির সভাপতি/সদস্যবৃন্দের মধ্যে বিতরণের ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)।
৬। বিভাগীয় পরিচালক (স্বাস্থ্য) ঢাকা/চট্টগ্রাম/রাজশাহী/খুলনা/বরিশাল/সিলেট/রংপুর/ময়মনসিংহ বিভাগ।
৭। জেলা প্রশাসক (সকল)।
৮। সিভিল সার্জন (সকল)।
৯। উপ-পরিচালক, বাংলাদেশ সরকারী ফরমস ও প্রকাশনা অধিদপ্তর, তেজগাঁও, ঢাকা (বাংলাদেশ গেজেটে পরবর্তী বিশেষ সংখ্যায় প্রকাশের অনুরোধসহ)।
১০। তত্ত্বাবধায়ক জেলা/জেনারেল হাসপাতাল (সকল)।
১১। সিস্টেম এনালিষ্ট, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা (মন্ত্রণালয়ের ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।

অনুলিপি সদয় অবগতির জন্যঃ

১। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা।
২। মাননীয় প্রতিমন্ত্রীর একান্ত সচিব, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা।
৩। সচিব মহোদয়ের একান্ত সচিব, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা।
৪। অতিরিক্ত সচিব (হাসপাতাল) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা।